



বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ)

BANGLADESH MEDICAL ASSOCIATION (BMA)

সভাপতি
ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব
ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী

স্মারক নং: বিএমএ/২০১৯/

তারিখ: ২১-১০- ২০১৯ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী এক বিবৃতিতে সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক চিকিৎসক ডা. আক্তারুজ্জামান আখন্দ এর উপর সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছেন।

রোগীর চিকিৎসাকে কেন্দ্র করে আজ ২১-১০-২০১৯ খ্রিঃ তারিখ সোমবার সকাল আনুমানিক ১০.৪৫ টায় স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের ছেলে সহ কতিপয় উশ্জ্বল রোগীর স্বজন হাসপাতালে প্রবেশ করে দায়িত্বপালনরত অবস্থায় ডা. আক্তারুজ্জামান আখন্দকে শারীরিক ভাবে লাঞ্চিত ও অপদস্ত করে।

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন দায়িত্ব পালনরত একজন সরকারী চিকিৎসা কর্মকর্তার উপর এধরনের সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা জ্ঞাপন ও অবিলম্বে উক্ত সন্ত্রাসীদের গ্রেফতার করে আইনানুগ শাস্তির জোর দাবী জানাচ্ছে।

বরাবর
বার্তা সম্পাদক/ প্রধান প্রতিবেদক

জনাব,
বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা। আপনার বহুল প্রচারিত/ সম্প্রচারিত দৈনিক পত্রিকা/ টেলিভিশনে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের জন্য অনুরোধসহ প্রেস বিজ্ঞপ্তিটি প্রেরণ করা হল।

বার্তা প্রেরক-

ডা. মোহাঃ শেখ শহীদ উল্লাহ

দপ্তর সম্পাদক

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন